# 295547 - জনকৈ হাজীসাহবে আরাফা থকেে ফরিে তাওয়াফে ইফাযা আদায় করছেনে; মুযদালফিাতে যাননি কংিবা গয়িছেনে তাওয়াফরে পরে

প্রশ্ন

জনকৈ হাজীসাহবে আরাফা থকেে ফরিে তাওয়াফে ইফাযা আদায় করছেনে, হালাল হয়ছেনে। এরপর কংকর নক্ষিপে করার জন্য মুযদালফিাতে গয়িছেনে। তার হজ্জ কি সহহি?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

ফকিাহবদি আলমেগণ একমত যে, তাওয়াফে ইফাযা হজ্জরে একটি রুিকন; যা ব্যতীত হজ্জ সম্পন্ন হবে না। তবে তারা তাওয়াফে ইফাযার প্রথম সময় কখন সে ব্যাপারে মতভদে করছেনে:

হানাফী ও মালকেী মাযহাবরে আলমেদরে মতে: (তাওয়াফে ইফাযার সময়) কোরবানীর দনি ফজররে সময় থকেে শুরু হয়; এর আগে করলে সহহি হবে না।

'বাদায়উিস সানায়ি' (হানাফী) গ্রন্থে (২/১৩২) বলনে: "আর এই তাওয়াফরে সময়কাল: এর প্রথম সময় হল: কুরবানীর দনিরে দ্বতিীয় ফজর (সুবহে সাদকি) উদতি হওয়া। এ ব্যাপারে আমাদরে মাযহাবরে আলমেদরে মাঝে কোন মতভদে নাই। এর আগে করলে সহহি হবে না। শাফয়েি রহঃ বলনে: এর প্রথম সময় হল: কুরবানীর রাতরে মধ্যবর্তী সময়।"[সমাপ্ত]

আল-সাওয়ি (মালকেী) রহঃ 'বুলগাতুস সালকি' গ্রন্থে বলনে: "এর সময় হল অর্থাৎ তাওয়াফে ইফাযার সময় হল: কুরবানীর দনিরে ফজর উদতি হওয়া থকেে। এর আগে করলে সহহি হবে না। যমেনটি আকাবাতে কংকর মারাও এর আগে করলে সহহি হবে না।"[সমাপ্ত]

আর শাফয়েি ও হাম্বলি মাযহাবরে আলমেদরে অভমিত হচ্ছে: কুরবানীর রাতরে অর্ধাংশ (মধ্যরাত) থকেে সহহি হবে।

ইমাম নববী (শাফয়েি) রহঃ বলনে: "জমরায়ে আকাবায় কংকর নক্ষিপে করা ও তাওয়াফে ইফাযার সময় শুরু হবে: কুরবানীর রাতরে অর্ধাংশ থকেে। তবে শর্ত হল এর আগে আরাফাতে অবস্থান করতে হবে।

মাথা মুণ্ডন: যদি আমরা বলি এটি নুসুক (ইবাদত); তাহলে এর বধিান কংকর নক্ষিপে ও তাওয়াফরে মত। নচেৎ এর সময় কংকর নক্ষিপে করা কংিবা তাওয়াফ করা ব্যতীত শুরু হবে না। আল্লাহ্ই সর্বজ্ঞ।"[আল-মাজমু (৮/১৯১) থকেে সমাপ্ত]

ইবনে কুদামা (হাম্বলী) রহঃ বলনে: "এ কারণে তাওয়াফরে সময় দুইটি। একটি হল উত্তম সময়। অন্যটি বধৈ সময়। উত্তম সময় হল: কুরবানীর দনি কংকর নক্ষিপে, কুরবানী করা ও মাথা মুণ্ডন করার পর...।

আর বধৈ সময় হল: কুরবানীর রাতরে অর্ধাংশ (মধ্যরাত) থকে। ইমাম শাফয়েওি এটাই বলছেনে।

ইমাম আবু হানফিা বলছেনে: এর প্রথম সময় হল: কুরবানীর দনিরে ফজর উদতি হওয়া থকে। আর সর্বশষে সময় হল: কুরবানীর সর্বশষে দনি।"[আল-মুগনী (৩/২২৬) থকে সমাপ্ত]

পূর্বোক্ত আলোচনার প্রক্ষেতিে এ হাজীসাহবে যদি মধ্যরাতরে পর তাওয়াফ করে থাকনে তাহলে শাফয়েি ও হাম্বলি মাযহাব অনুযায়ী তার তাওয়াফ সহহি হয়ছে। মধ্যরাত নর্িণয় করা যাবে মাগরবিরে ওয়াক্ত থকে ফজররে ওয়াক্তরে মধ্যবর্তী সময়টাকে দুই ভাগে ভাগ করার মাধ্যম।

যদি তার তাওয়াফটা মধ্যরাতরে আগে হয়ে থাকে তাহলে সর্বসম্মতক্রিমে তার তাওয়াফ সহহি হয়নি এবং তার হজ্জও সম্পন্ন হয়নি এবং তার দ্বতিীয় হালালও অর্জতি হয়নি। তার উপর ওয়াজবি পুনরায় তাওয়াফে ইফাযা পালন করা।

দুই:

মুযদালফিাতে রাত্রি যাপন করা জমহুর আলমেরে নকিট ওয়াজবি। আর কোন কোন আলমেরে নকিট এটি হিজ্জরে রুকন।

কতটুকু রাত্রি যাপন করা যথষ্টে এ নয়িে একাধকি অভমিত রয়ছে:

শাফয়েি ও হাম্বলি মাযহাবরে আলমেদরে মতে, মুযদালফিাতে রাত্রি যাপন করা ওয়াজবি; এমনকি সটো এক মূহূর্তরে জন্যে হলওে। শর্ত হল সটো আরাফাতরে ময়দানে অবস্থান করার পর রাতরে দ্বতিীয় অর্ধাংশ থকে ফজর পর্যন্ত সময়রে মধ্যে হতে হব; তবে কছিু সময় সখোনে বলিম্ব করা শর্ত নয়। বরং অতক্রিম করে গলেওে চলব।

যে ব্যক্তি মধ্যরাতরে আগে মুযদালফিা ত্যাগ করছে; কন্তিু আবার ফজররে আগে মুযদালফিাতে ফরিে এসছে— তার উপর কোন কছিু বর্তাবে না। কনেনা সে তো ওয়াজবি পালন করছে। যদি সে ফজররে আগে ফরেত না আসে তাহলে অগ্রগণ্য মতানুযায়ী তার উপর দম (একটি পশু জবাই) দওেয়া ওয়াজবি হব।

আর হানাফি মাযহাবরে আলমেদরে নকিট মুযদালফিাতে ফজর উদতি হওয়ার পর থকে সূর্যোদয় পর্যন্ত সময় অবস্থান করা ওয়াজবি। অতএব, এ সময়সীমার মধ্যে এক মূহূর্তরে জন্যে হলওে অবস্থান করা ওয়াজবি। যদি কোন ওজররে কারণে অবস্থান করতে না পারে তাহলে তার উপর কোন কছিু বর্তাবে না। ওজর হচ্ছে শারীরকি দুর্বলতা কংিবা অসুস্থতা কংিবা নারী হলে ভীড়কে ভয় করা। যদি এই সময়রে আগে কউে ওজর ছাড়া মুযদালফিা ত্যাগ করে তাহলে তার উপর পশু জবাই করা ওয়াজবি হব।

তবে যদি সূর্যোদয়ের আগে মুযদালিফাতে ফিরে এসে সেখানে অবস্থান করে ভুল সংশোধন করে নেয় তাহলে এটা স্পষ্ট যে, তার উপর থেকে দম (পশু জবাই) দেয়ার এর বিধান মওকুফ হয়ে যাবে।

মালেকী মাযহাবের অভিমত হচ্ছে: মুযদালিফাতে এসে সওয়ারীর আসবাবপত্র নামানোর মত সমপরিমাণ সময় অবস্থান করা ওয়াজিব; যদিও বাস্তবে আসবাবপত্র না নামায়। যদি কেউ ফজর উদিত হওয়া অবধি মুযদালিফাতে সওয়ারীর আসবাবপত্র নামানোর সমপরিমাণ সময় অবস্থান না করে তাহলে কোন ওজর না থাকলে তার উপর দম (পশু জবাই) ওয়াজিব।  যদি কোন ওজরের কারণে অবস্থান না করে তাহলে তার উপর কোন কিছু বর্তাবে না।[আল-মাওসুআ আল-ফিকহিয়্যা (১১/১০৮) থেকে সমাপ্ত]

এই আলোচনার প্রেক্ষিতে এই হাজীসাহেব যদি প্রথমে মুযদালিফাতে নাও আসেন; বরং মধ্যরাতের পরে তাওয়াফে ইফাযা শেষ করে মুযদালিফাতে ফিরে আসেন এবং মধ্য রাতের পর যে কোন সময় মুযদালিফা অতিক্রম করেন তাহলে তার উপর কোন কিছু বর্তাবে না।

যদি বিশেষ কোন ওজরের কারণে তাওয়াফের পরেও মুযদালিফাতে না আসেন; যে ধরণের ওজর মুযদালিফাতে রাত্রি যাপন ত্যাগ করার বৈধতা দেয়; যেমন এমন কোন অসুস্থতা যার ফলে তিনি মুযদালিফাতে বসে থাকতে সক্ষম নন; তাহলেও তার উপর দম (পশু জবাই) ওয়াজিব হবে না।

আর যদি কোন ওজর ছাড়া মুযদালিফাতে না আসেন তাহলে তার উপর দম ওয়াজিব হবে।

আল-খতীব আল-শারবিনী "মুগনিল মুহতাজ" গ্রন্থে (২/২৬৫) বলেন: ওজরগ্রস্ত (যার আলোচনা অচিরেই মীনায় রাত্রিযাপন পরিচ্ছেদে আসবে: এটা নিশ্চিত যে, তার উপর কোন দম (পশু জবাই) নাই।

ওজরগ্রস্তদের মধ্যে রয়েছে:

যে ব্যক্তি রাতের বেলায় আরাফায় পৌঁছেছেন এবং আরাফার অবস্থানে ব্যস্ত ছিলেন।

যে ব্যক্তি আরাফা থেকে মক্কায় এসেছেন ফরয তাওয়াফ করতে; এতে করে তার অবস্থান করা ছুটে যায়।

আল-আযরুঈ বলেছেন: এটাকে এভাবে ব্যাখ্যা করতে হবে যে, যে ব্যক্তির পক্ষে কঠিন কষ্ট ছাড়া মুযদালিফায় পৌঁছা সম্ভবপর নয়। যদি সম্ভবপর হয় তাহলে সেটাই ওয়াজিব। যাতে করে দুটো ওয়াজিবই পালন করা যায়। এটা স্পষ্ট।

ওজরগ্রস্তদের মধ্যে আরও রয়েছে: কোন নারী যদি হায়েয বা নিফাস শুরু হয়ে যাওয়ার আশংকা করেন তাহলে তিনি অবিলম্বে তাওয়াফ করার জন্য মক্কায় চলে যেতে পারেন।"[সমাপ্ত]

[দেখুন: আল-মাজমু (৮/১৫৩)]

শাইখ উছাইমীন (রহঃ) কে জিজ্ঞেসে করা হয়: যে ব্যক্তি মুযদালফিাতে অবস্থান করেনি তার বিধান কী?

জবাবে তিনি বলেন: "যে ব্যক্তি মুযদালফিাতে রাত্রি যাপন করেনি সে ব্যক্তি আল্লাহ্ ও তাঁর রাসূলের অবাধ্য হল। যেহেতু আল্লাহ্ তাআলা বলেন: সুতরাং যখন তোমরা 'আরাফাত' হতে ফিরে আসবে তখন মাশ'আরুল হারামের কাছে পৌঁছে আল্লাহ্কে স্মরণ করবে।[সূরা বাক্বারা, আয়াত: ১৯৮] মাশ'আরুল হারাম হচ্ছে- মুযদালফিা।

যদি কিউে মুযদালফিাতে রাত্রি যাপন না করে সে আল্লাহ্ ও তাঁর রাসূলের অবাধ্য হল এ কারণেও যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেখানে রাত্রি যাপন করেছেন। তিনি বলেছেন: "তোমরা আমার কাছ থেকে হজ্জের কার্যাবলী গ্রহণ কর"। তিনি কারো জন্য রাত্রি যাপন বর্জন করার অবকাশ দেননি; কেবল দুর্বলরা ব্যতীত। দুর্বলদেরকে শেষে রাতে মুযদালফিা ত্যাগ করার অবকাশ দিয়েছেন। অতএব, এই হাজীসাহেবের উপর একটি ফিদিয়া মক্কাতে জবাই করে সেটা মক্কার গরীবদের মাঝে বণ্টন করা ওয়াজিব।[মাজমুউ ফাতাওয়াশ শাইখ বিন উছাইমীন (২৩/৯৭)]

তিনি:

যদি এই হাজীসাহেবে তাওয়াফে ইফাযা আদায় করার পর হালাল হয়ে যান অর্থাৎ মাথার চুল মুণ্ডন করেন কিংবা চুল কাটেন; এরপর মাখিত তথা সাধারণ কাপড় পরিধান করেন: তাহলে তার উপর কোন কিছু বর্তাবে না। কেননা ছোট হালাল কংকর নিক্ষেপে, মাথা মুণ্ডন বা চুল কাটা ও তাওয়াফ করা এ তিনটি কাজের মধ্যে যে কোন দুইটি করার মাধ্যমে অর্জিত হয়।

আর যদি তাওয়াফ করে মাথা মুণ্ডন বা চুল কাটার আগেই মাখিত তথা সাধারণ কাপড় পরিধান করে ফেলেন তাহলে তিনি নিষিদ্ধ কাজে লিপ্ত হলেন। তবে, অজ্ঞতাবশতঃ নিষিদ্ধ কাজে লিপ্ত হওয়ায় তার উপর কোন কিছু বর্তাবে না।

অনুরূপভাবে না-জানার কারণে তিনি হালাল হয়ে গেছেন মনে করে যদি সুগন্ধি লাগিয়ে ফেলেন সেক্ষেত্রেও একই বিধান।

আল্লাহই সর্বজ্ঞ।